গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৬ জুলাই ২০১৫, ১১ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আদর্শবান ও মেধাবী ছাত্ররাই ছাত্রলীগে নেতৃত্ব দেবে : জাতীয় কাউন্সিলে প্রধানমন্ত্রী

২। জামায়াত নিষিদ্ধে আদালতের দিকে তাকিয়ে সরকার : বিবিসি সংলাপে তথ্যমন্ত্রী

৩। নির্ভুল ভোটার তালিকার ওপর সর্বোচ্চ গুরুত্ব নির্বাচন কমিশনের : সিইসি

৪। দেশে বন্যার আশঙ্কা : বিভিন্ন এলাকার নিম্নাঞ্চল প্লাবিত

৫। শিশু সামিউল আলম রাজন হত্যায় জড়িত আরও এক আসামি রিমান্ডে

৬। আন্তঃনদী সংযোগ প্রকল্প নিয়ে আবারো উদ্বেগে বাংলাদেশ
: দিল্লিকে আনুষ্ঠানিকভাবে এখনো কিছুই জানায়নি ঢাকা

৭। ঢাকায় লিবীয় দূতাবাস দখলের অভিযোগ

৮। কৃষি খাতে ১৫ মিলিয়ন ডলার ঋণ দেবে বিশ্বব্যাংক

৯। তত্ত্বাবধায়কের দাবি থেকে সরে দাঁড়ালেন বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া

১০। ভূমি উন্নয়ন কর বেড়েছে : সরকারি গেজেট প্রকাশ

১১। সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন আরও ১৭ জন

চলমান পাতা/২

১। আদর্শবান ও মেধাবী ছাত্ররাই ছাত্রলীগে নেতৃত্ব দেবে : জাতীয় কাউন্সিলে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কাজ থেকে বিরত থাকার জন্য ছাত্রলীগ নেতাকর্মীদের সতর্ক করে দিয়েছেন। ছাত্রলীগের মূল নীতি 'শিক্ষা-শান্তি-প্রগতি'র কথা স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, আমি এটুকুই চাইব, ছাত্রলীগ যেন সব সময় একটা আদর্শ নিয়ে চলে। কারণ আদর্শহীন সংগঠন ব্যক্তিস্বার্থ রক্ষা করতে পারে, জাতির স্বার্থ রক্ষা করতে পারবে না। আর ছাত্রলীগের ইতিহাস বাঙালির প্রতিটি অর্জনের সঙ্গে জড়িত। তাই এই সংগঠনের ভাবমূর্তি যেন কোনোভাবেই ক্ষুণ্ন না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে। গতকাল ২৫ জুলাই শনিবার রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্রলীগের দুই দিনব্যাপী ২৮তম জাতীয় সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৬)। বাংলাদেশ টুডে, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। জামায়াত নিষিদ্ধে আদালতের দিকে তাকিয়ে সরকার : বিবিসি সংলাপে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জামায়াতে ইসলামীর রাজনীতি নিষিদ্ধের ব্যাপারে শক্ত অবস্থানে রয়েছে সরকার। তবে নির্বাহী আদেশে নিষিদ্ধ করার কথা এখনই ভাবা হচ্ছে না। কেননা জামায়াতকে নিয়ে একটি মামলা বিচারাধীন আছে। সে জন্য আদালতের দিকেই তাকিয়ে আছে সরকার। রাজধানীর কারওয়ান বাজারের টিসিবি ভবন মিলনায়তনে গতকাল ২৫ জুলাই শনিবার বিবিসি বাংলাদেশ সংলাপের ১২২তম পর্বে অংশ নিয়ে প্রশ্নোত্তরে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু একথা বলেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ., ক.৪), ইত্তেফাক (পৃ.২,ক.৬)।

৩। নির্ভুল ভোটার তালিকার ওপর সর্বোচ্চ গুরুত্ব নির্বাচন কমিশনের : সিইসি

প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিব উদ্দিন আহমদ বলেছেন, নির্ভুল ভোটার তালিকা প্রণয়নের জন্য নির্বাচন কমিশন সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। গতকাল ২৫ জুলাই শনিবার নরসিংদী জেলা শিল্পকলা একাডেমিতে সারাদেশে চতুর্থবারের মতো ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষপৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৬)।

৪। দেশে বন্যার আশঙ্কা : বিভিন্ন এলাকার নিম্নাঞ্চল প্লাবিত

অতিবর্ষণের কারণে একদিকে দেশের অভ্যন্তরে নদী, খাল-বিল যেমন পানিতে ভরে যাচ্ছে; অন্যদিকে ভারত থেকে নেমে আসা পানি ও পাহাড়ি ঢল পরিস্থিতিকে আরও বিপদসঙ্কুল করে তুলেছে। পার্বত্য অঞ্চলের সকল নদীর পানি বৃদ্ধি পাওয়ায় সবচেয়ে খারাপ অবস্থা চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ফেনীসহ বেশ কয়েকটি জেলার অধিবাসীর। এসব এলাকার নিম্নাঞ্চল পানিতে প্লাবিত হয়ে গেছে। সুরমা ও কুশিয়ারা নদীর পানিও বৃদ্ধি পেয়েছে। ফলে সিলেটে বিভিন্ন এলাকার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। এছাড়াও নদী-নদীর পানি বৃদ্ধি পাওয়ায় যশোর, খুলনা, সাতক্ষীরা, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া জেলার বিভিন্ন এলাকা প্লাবিত হয়েছে। দেশের বিভিন্ন এলাকায় দেখা দিয়েছে নদী ভাঙন। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৩)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। শিশু সামিউল আলম রাজন হত্যায় জড়িত আরও এক আসামি রিমান্ডে

সিলেটের কুমারগাঁওয়ে তের বছরের শিশু সামিউল আলম রাজনকে পিটিয়ে হত্যায় জড়িত অভিযোগে আরও এক আসামি আয়াজ আলীকে ডিবি পুলিশ গতকাল ২৫ জুলাই শনিবার গ্রেফতার করেছে। পরে সিলেট মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের বিচারক শহিদুল করিমের কোর্টে হাজির করে তদন্ত কর্মকর্তা ৫ দিনের রিমান্ড চাইলে আদালত তার ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৬। আন্তঃনদী সংযোগ প্রকল্প নিয়ে আবারো উদ্বেগে বাংলাদেশ

: দিল্লিকে আনুষ্ঠানিকভাবে এখনো কিছুই জানায়নি ঢাকা

ভারতের আন্তঃনদী সংযোগ প্রকল্প নিয়ে আবারো উদ্বেগে বাংলাদেশ। এরই মধ্যে প্রকল্পটি বাস্তবায়নের বিপক্ষে দেশের পরিবেশবাদী সংগঠনগুলো সোচ্চার হয়ে উঠেছে। দেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপিসহ বেশ কয়েকটি দলও এ বিষয়ে তাদের উদ্বেগের কথা প্রকাশ করেছে। এ বিষয়ে ব্যাখ্যা চাওয়ার জন্য ভারতকে চিঠি দিতে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছে পানিসম্পদ মন্ত্রণালয়। তবে এ ব্যাপারে বাংলাদেশের পক্ষ থেকে এখন পর্যন্ত ভারতকে আনুষ্ঠানিকভাবে কোনো কিছু জানানো হয়নি। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৭)। ভোরের কাগজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। ঢাকায় লিবীয় দূতাবাস দখলের অভিযোগ

খালেদ মোহাম্মদ আবু সাঈদ নিজেকে ঢাকায় অবস্থিত লিবীয় দূতাবাসের ভারপ্রাপ্ত চার্জ দ্য অ্যাফেয়ার্স বলে দাবি করেছেন। জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে 'লিবীয় দূতাবাস ঢাকা' ব্যানারে আয়োজিত এক সংবাদ

সম্মেলনে গতকাল ২৫ জুলাই শনিবার তিনি এ দাবি করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন দূতাবাসের অন্যান্য কর্মকর্তারা। সংবাদ সম্মেলনে খালেদ মোহাম্মদ আবু সাঈদ বলেন, লিবিয়ার ত্রিপোলিভিত্তিক সরকারের পক্ষে তারা ঢাকায় কাজ করছেন। তার সরকারের পররাষ্ট্রমন্ত্রী ঢাকাস্থ চার্জ দ্য অ্যাফেয়ার্স মাহমুদ এমএম সাল্লাবীকে গত ২ জুলাই ঢাকা থেকে প্রত্যাহার করে নেন এবং তদস্থলে তাকে ভারপ্রাপ্ত চার্জ দ্য অ্যাফেয়ার্স হিসেবে নিয়োগ দেন। কিন্তু মাহমুদ এমএম সাল্লাবী লিবীয় সরকারের আদেশ অমান্য করে বিভিন্ন কর্তৃপক্ষের কাছে বিভ্রান্তিকর ও মিথ্যা তথ্য ছড়াচ্ছেন। তিনি ব্যক্তিস্বার্থে এবং কতিপয় স্থানীয় স্টাফের স্বার্থে বিবেকহীন ও কুচক্রীমহলের সঙ্গে নিজেকে জড়িয়ে লিবীয় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করছেন। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৫), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৩)।

৮। কৃষি খাতে ১৫ মিলিয়ন ডলার ঋণ দেবে বিশ্বব্যাংক

কৃষি খাতে নতুন করে গ্লোবাল পার্টনারশিপ আউটপুটভিত্তিক এইডের (জিপিওবিএ) আওতায় ১৫ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১১৭ কোটি টাকা) ঋণ দেবে বিশ্বব্যাংক। এর মাধ্যমে গ্রামাঞ্চলে পরিবেশবান্ধব শক্তি বাড়বে এবং ছয় হাজার ৬৬০ জন কৃষক সৌর পাম্প চালাতে পারবেন। গতকাল ২৫ জুলাই শনিবার বিশ্বব্যাংকের জনসংযোগ কর্মকর্তা মেহরিন-ই-মাহবুব গণমাধ্যমকে এসব তথ্য জানিয়েছেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৯। তত্ত্বাবধায়কের দাবি থেকে সরে দাঁড়ালেন বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া

অবশেষে নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার দাবি থেকে সরে এলেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া। নিজের এতদিনের অনড় দাবিতে সংশোধনী এনে এখন তিনি বললেন 'আমি বলবো না, তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই আগামী নির্বাচন হতে হবে। যে নামেই হোক, একটি নিরপেক্ষ সরকারের অধীনে আমরা সুষ্ঠু জাতীয় নির্বাচন চাই।' গতকাল ২৫ জুলাই শনিবার বিএনপি চেয়ারপার্সন তাঁর গুলশান কার্যালয়ে ব্রাহ্মণবাড়িয়া জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত নেতাদের সঙ্গে মতবিনিময়ে এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২)। ইত্তেফাক, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। ভূমি উন্নয়ন কর বেড়েছে : সরকারি গেজেট প্রকাশ

দেশের সব ধরনের ভূমি উন্নয়ন কর (খাজনা) বাড়িয়েছে সরকার। ২০ বছর পর সরকার এমন সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া কোর্ট ফি, নোটিশ জারি ফি, রেকর্ড সংশোধন বা হালনাগাদকরণ ফি এবং নামজারি খতিয়ান সরবরাহের ফি-ও বাড়ানো হয়েছে। সরকার এ বিষয়ে সম্প্রতি একটি গেজেট জারি করেছে, যা ১ জুলাই থেকে কার্যকর হয়েছে। নতুন নিয়ম অনুযায়ী, গ্রামীণ বা পৌর যে এলাকাতেই কৃষি জমি থাক না কেন ২৫ বিঘা পর্যন্ত (৮ দশমিক ২৫ একর) ভূমি উন্নয়ন কর দিতে হবে না। এ মওকুফের আওতায় আসবে আখ ও লবণ চাষের জমি এবং কৃষকের পুকুর (বাণিজ্যিক মৎস্য চাষ ছাড়া)। তবে কৃষি জমির পরিমাণ ২৫ বিঘার বেশি হলে প্রতি শতকের জন্য বছরে দুই টাকা হারে কর দিতে হবে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), সমকাল (শেষ পৃ.,ক.৩)।

১১। সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন আরও ১৭ জন

প্রতিদিন সড়ক দুর্ঘটনায় ঝরছে প্রাণ। গতকাল ২৫ জুলাই শনিবার গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় বাস ও মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারিয়েছেন সাতজন। এছাড়া চট্টগ্রামের লোহাগাড়া, মানিকগঞ্জ, বরিশালের মেহেন্দীগঞ্জ, কুমিল্লার দাউদকান্দি, কিশোরগঞ্জ, ময়নমনসিংহের ভালুকা এবং নরসিংদীর বেলাবতে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে আরও ১০ জন। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ডেইলি স্টার : সিলেটে শিশু রাজন হত্যাকাণ্ডের পর দায়িত্ব পালনে গাফিলতির অভিযোগে দুজন এসআইকে সাময়িক বরখাস্ত ও একজন পরিদর্শককে প্রত্যাহার করার মতো লঘুদণ্ড কোনোভাবেই কাম্য নয় উল্লেখ করে এদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের কেন করা হলো না এব্যাপারে বিচার বিভাগীয় তদন্ত দাবি;

খ. ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ডেইলি অবজারভার : গত ১১ দিনে সড়ক দুর্ঘটনায় ২৪৯ জন নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সড়ক-মহাসড়কের ১৪৪টি দুর্ঘটনা প্রবণ মোড় চিহ্নিত করে ক্রমান্বয়ে মেরামত করার ওপর গুরুত্বারোপ;

গ. সংবাদ : কারাগারগুলোর নিরাপত্তার স্বার্থে জনবল বাড়ানোর উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঘ. ইনকিলাব : আমাদের দেশ নদীবহুল হওয়ায় পণ্য ও যাত্রী পরিবহণে নৌপথকে গুরুত্ব দেওয়ার আহ্বান;

ঙ. যুগান্তর : যুক্তরাজ্য সরকারের এক প্রতিবেদনে রাজনৈতিক অস্থিরতা, ক্ষমতার অপব্যবহার, ঘুষ-দুর্নীতির নেতিবাচক বাস্তবতা, প্রতিবন্ধকতা সত্ত্বেও বাংলাদেশ বিনিয়োগের জন্য বিপুল সম্ভাবনাময় বলে স্বীকার করায় স্বস্তি প্রকাশ করে দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার রোধ করা গেলে ও অবকাঠামোগত সমস্যাগুলো দূর করা

হলে দেশে বিনেয়োগবান্ধব পরিবেশ তৈরি হবে বলে আশা প্রকাশ;

চ. ডেইলি স্টার : ঢাকা মেডিকেল কলেজে রোগী বহনের বিনামূল্যের ট্রলিগুলো টাকার বিনিময়ে ব্যবহৃত হওয়ার পরিপ্রেক্ষিতে এধরনের বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বিগত পাঁচ বছরেও সন্ত্রাস দমন আইনে দায়েরকৃত ৩৫০ মামলার নিষ্পত্তি না হওয়ায় সন্ত্রাস দমন আইনে এ মামলাগুলো যথাযথভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : ঈদের পূর্বে দেশের ব্যবসা খাতে ১.১২ লাখ কোটি টাকার লেনদেন হওয়ায় দেশের অর্থনীতিতে এবং ব্যবসা-বাণিজ্যে পজেটিভ পরিবর্তনের প্রত্যাশা;

ঝ. নিউজ টুডে : পর্যটন বর্ষ ২০১৬ সার্থক করতে বিদেশি পর্যটকদের জন্য সরকারি-বেসরকারি পর্যায়ে গৃহীত বিভিন্ন সুযোগ সুবিধা প্রদানের পদক্ষেপ পর্যটন খাতের ওপর প্রভাব ফেলবে বলে আশা প্রকাশ;

ঞ. নিউ নেশন : বগুড়ার দুপচাচিয়া উপজেলায় ক্ষমতাসীন দলের নেতারা কৃষকদের ভুয়া স্বাক্ষর ও ডুপ্লিকেট ‘কৃষক কার্ড’ ব্যবহার করে ধান ক্রয়ে প্রদত্ত কৃষকদের ভর্তুকি ভোগ করছে উল্লেখ করে এ ধরনের অসৎ কর্মকাণ্ডে জড়িতদের শাস্তি প্রদানের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে সমাজের নৈতিকভিত্তি গড়ে তোলার জন্য সরকারের উচিত অর্থনৈতিক পরিকল্পনার পাশাপাশি সামাজিক অবক্ষয় রোধের পরিকল্পনা গ্রহণ করা এমন মত প্রকাশ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘আর কতকাল হিজড়া সম্প্রদায় করুণার পাত্র হয়ে বেঁচে থাকবে’ শিরোনামের নিবন্ধে মানিক মজুমদার হিজড়াদের পুনর্বাসনে প্রশিক্ষণের ব্যবস্থা করে প্রয়োজনে পৃথক স্থানে শিক্ষা ও কর্মজীবনের সঙ্গে সম্পৃক্ত করতে হিজড়া পুনর্বাসন ও প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা